

🗏 ত্ব-হা | Ta-Ha | 🕹

আয়াতঃ ২০:১০৯

া আরবি মূল আয়াত:

يُومَئِذٍ لَّا تَنفَعُ الشَّفَاعَةُ اِلَّا مَن اَذِنَ لَهُ الرَّحَمَٰنُ وَ رَضِيَ لَهُ قَولًا ﴿ ١٠٩﴾

সেদিন পরম করুণাময় যাকে অনুমতি দিবেন আর যার কথায় তিনি সম্ভষ্ট হবেন তার সুপারিশ ছাড়া কারো সুপারিশ কোন কাজে আসবে না। — আল-বায়ান

সেদিন কারো সুপারিশ কোন কাজে আসবে না, দয়াময় যাকে অনুমতি দেবেন আর যার কথায় সম্ভুষ্ট হবেন তার (সুপারিশ) ব্যতীত। — তাইসিক্ল

দয়াময় যাকে অনুমতি দিবেন ও যার কথা তিনি পছন্দ করবেন সে ব্যতীত কারও সুপারিশ সেদিন কোন কাজে আসবেনা। — মুজিবুর রহমান

That Day, no intercession will benefit except [that of] one to whom the Most Merciful has given permission and has accepted his word. — Sahih International

১০৯. দয়াময় যাকে অনুমতি দেবেন ও যার কথায় তিনি সম্ভুষ্ট হবেন, সে ছাড়া কারো সুপারিশ সেদিন কোন কাজে আসবে না।(১)

(১) এ আয়াতের অর্থ "সেদিন সুপারিশ কার্যকর হবে না। তবে যদি করুণাময় কাউকে অনুমতি দেন এবং তারকথা শুনতে পছন্দ করেন"। প্রকৃত ব্যাপার এই যে, কিয়ামতের দিন কারো সুপারিশ করার জন্য স্বতপ্রণোদিত হয়ে মুখ খোলা তো দূরের কথা, টু শব্দটি করারও কারো সাহস হবে না। এ দু'টি কথা কুরআনের বিভিন্ন জায়গায় সুস্পষ্টভাবে বলে দেয়া হয়েছে। একদিকে বলা হয়েছেঃ "কে আছে তাঁর অনুমতি ছাড়া তাঁর সামনে সুপারিশ করতে পারে?" [সূরা আল বাকারাহঃ ২৫৫] আরো বলা হয়েছেঃ "সেদিন যখন রূহ ও ফেরেশতারা সবাই কাতারবন্দী হয়ে দাঁড়াবে, একটুও কথা বলবে না, শুধুমাত্র সে-ই বলতে পারবে যাকে করুণাময় অনুমতি দেবেন এবং যে ন্যায়সংগত কথা বলবে।" [সূরা আন-নাবাঃ ৩৮]

অন্য আয়াতে বলা হয়েছেঃ "আর তারা কারোর জন্য সুপারিশ করে না সেই ব্যক্তির ছাড়া যার পক্ষে সুপারিশ শোনার জন্য (রহমান) রাজী হবেন এবং তারা তাঁর ভয়ে ভীত হয়ে থাকে।" [সূরা আল-আম্বিয়াঃ ২৮] আরো বলা হয়েছেঃ "কত ফেরেশতা আকাশে আছে, তাদের সুপারিশ কোনই কাজে লাগবে না, তবে একমাত্র তখন যখন আল্লাহর কাছ থেকে অনুমতি নেওয়ার পর সুপারিশ করা হবে এবং এমন ব্যক্তির পক্ষে করা হবে যার জন্য তিনি



সুপারিশ শুনতে চান এবং পছন্দ করেন।" [সূরা আন-নাজমঃ ২৬]

তাফসীরে জাকারিয়া

(১০৯) পরম দয়াময় যাকে অনুমতি দেবেন ও যার কথায় সম্ভষ্ট হবেন, সে ব্যতীত কারো সুপারিশ সে দিন কোন কাজে আসবে না।[1]

[1] আল্লাহ যাঁদেরকে সুপারিশের অনুমতি দেবেন, তাঁদের ছাড়া সেদিন কারো সুপারিশ কারো জন্য কোন কাজে লাগবে না। আর যারা অনুমতিপ্রাপ্ত হবেন তাঁরাও যে কোন ব্যক্তির জন্য সুপারিশ করতে পারবেন না। বরং সুপারিশ তাদেরই জন্য করা হবে যাদের ব্যাপারে আল্লাহ সম্ভষ্ট থাকবেন। এরা কারা হবে? এরা হবে শুধুমাত্র তাওহীদপন্থী; যাদের ব্যাপারে আল্লাহ সুপারিশ করার অনুমতি দেবেন। এ বিষয়টি কুরআনের বিভিন্ন জায়গায় আলোচিত হয়েছে। যেমন সূরা নাজমঃ ২৬, সূরা আম্বিয়াঃ ২৮, সূরা সাবাঃ ২৩, সূরা নাবাঃ ৩৮ এবং আয়াতুল কুরসীতে।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=2457

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন